# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 23 April, 2025

কক্সবাজার শহরে অগ্নি-নির্বাপক সিলিন্ডার (ফায়ার এক্সটিংগুইশার) লোড-আনলোডের সময় বিস্ফোরণে মিলন চাকমা (২৫) নামে এক দোকান কর্মচারির মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২২ এপ্রিল) রাত ১০টার দিকে শহরের কচ্ছপিয়া পুকুর পাড় এলাকায় এ মর্মান্তিক ঘটনা ঘটে বলে জানান কক্সবাজার সদর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ইলিয়াছ খান।

নিহত মিলন চাকমা উখিয়া উপজেলার জালিয়াপালং ইউনিয়নের মনখালী এলাকার সম্মিয়ন চাকমার ছেলে।তিনি কক্সবাজার শহরের কচ্ছপিয়া পুকুর পাড়ের ভূঁইয়া এন্টারপ্রাইজে কর্মরত ছিলেন।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয়দের বরাতে ওসি ইলিয়াছ খান জানান, ঘটনার রাতে একটি রান্নার গ্যাস ও অগ্নি-নির্বাপক সিলিন্ডারের দোকানে কাজ করার সময় এক কর্মচারি অসতর্কতাবশত সিলিন্ডারটি হাত থেকে ফেলে দেন।এতে সিলিন্ডারটি বিস্ফোরিত হয়ে মিলন চাকমার ডান হাত ক্ষতবিক্ষত হয় এবং তার ফুসফুসে মারাত্মক আঘাত লাগে।

স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত কক্সবাজার জেলা সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় রাত পৌনে ১২টার দিকে তার মৃত্যু হয়।

ওসি আরও জানান, অতিরিক্ত রক্তক্ষরণের কারণেই মিলনের মৃত্যু হয়েছে বলে চিকিৎসকরা নিশ্চিত করেছেন।খবর পেয়ে পুলিশের একটি দল হাসপাতাল থেকে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করে।তবে নিহতের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায়

মরদেহ হস্তান্তর করা হয়েছে।

অগ্নি-নির্বাপক সিলিন্ডার বিস্ফোরণ মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:53

URL: https://timestodaybd.com/chittagong/1318943701